



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

গাজীপুর

স্মারক নং ০৫(৪৭২) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১৫/১৯৯০

তারিখ : ০৪/০৬/২০১৭

২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করে পরীক্ষার অনুমতি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে ডিগ্রী পাস কোর্সের যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে তাদের মধ্য হতে নিম্নে উল্লিখিত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করে নিম্নলিখিত শর্তে ২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষায় শেষ বারের মত অংশগ্রহণের লক্ষ্যে ফরম পূরণের অনুমতি দেয়া হলো :

ক) ২০০৭-২০০৮, ২০০৮-২০০৯ (প্রাইভেট ২০০৯) এবং ২০০৯-২০১০ (প্রাইভেট-২০১০) শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী যে সকল শিক্ষার্থীগণ ২০১১, ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয় অথবা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থীদেরকে নিম্নলিখিত শর্তে রেজিস্ট্রেশন নবায়ন করে ২০১৫ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় বাংলা জাতীয় ভাষা/ইংরেজি আবশ্যিক (শুধুমাত্র অকৃতকার্য) এবং এক বা একাধিক নৈর্বচনিক বিষয়ের (৩য় ও ৪র্থ পত্র) পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণের অনুমতি দেয়া হলো।


শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখ :

- | | |
|--|-------------------------------------|
| ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ | : ০৬/০৬/২০১৭ হতে ১১/০৬/২০১৭ পর্যন্ত |
| খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ | : ১২/০৬/২০১৭ |
| গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) | : ০৭/০৬/২০১৭ হতে ১৩/০৬/২০১৭ পর্যন্ত |
| ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) | : ১৪/০৬/২০১৭ |
| ঙ) Pay Slip, ফিস বিবরণী, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় জমা দেয়ার শেষ তারিখ | : ১৫/০৬/২০১৭ |

ফি (প্রতি পরীক্ষার্থী) : রেজিস্ট্রেশন নবায়ন ফি বাবদ ২০০০/- + ৫০০/- (বিশেষ অন্তর্ভুক্তি ফি) + প্রতি পত্রে ১০০/- হারে

শর্তাবলী :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে (www.nubd.info/degree-pass) দেয়া ফরম পূরণের সফটওয়্যার এবং প্রদত্ত রেজিস্ট্রেশন নবায়নের তালিকা অনুযায়ী শিক্ষার্থী সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণ ও রেজিস্ট্রেশন নবায়ন সম্পন্ন করবেন। ব্যাংকে টাকা জমাদানের পর ০৫ (পাঁচ) কপি পে স্লিপে (১ম কপি- সংশ্লিষ্ট ব্যাংকের, ২য় কপি- সংশ্লিষ্ট কলেজের, ৩য় কপি- অর্থ ও হিসাব বিভাগ, ৪র্থ কপি- পরীক্ষা বিভাগের এবং ৫ম কপি- ডীন মহোদয়ের দপ্তর) সংশ্লিষ্ট ব্যাংকের ম্যানেজার সীল, স্বাক্ষর ও তারিখ প্রদান করবেন। ডীন মহোদয়ের পে স্লিপ সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন শাখায় জমা দিয়ে শিক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন কাজ সম্পন্ন করবেন।
- ফরম পূরণের যাবতীয় কাগজের সাথে সর্বশেষ নবায়নকৃত রেজিঃ কার্ডের ফটোকপি অবশ্যই পরীক্ষা বিভাগের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।
- তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর কর্তৃক প্রদত্ত তালিকা বহির্ভূত কোন শিক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।
- রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হ'লে বা ৩য় বিভাগ/পাশ ডিগ্রী পেলে পুনরায় পরীক্ষা বা মানোন্নয়ন/বিভাগ উন্নয়ন পরীক্ষা দেয়া যাবে না।



(স্বাক্ষর) (স্বাক্ষর)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ০২-৯২৯১০১৭ (অফিস)

স্মারক নং ০৫(৪৭২) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১৫/ ২১৯১০

তারিখ ০৪/০৬/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
(তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী রেজিস্ট্রেশন কার্ড নবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
- পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
- পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
(বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশ এবং ২০০৭-২০০৮, ২০০৮-২০০৯ (প্রাইভেট ২০০৯) এবং ২০০৯-২০১০ (প্রাইভেট-২০১০) শিক্ষাবর্ষের এক বা একাধিক বিষয়ের অকৃতকার্য শিক্ষার্থীর তালিকা ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল এবং পরীক্ষা নিয়ন্ত্রক-কে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)
- পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
- মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, সদর দপ্তর, উত্তরা, ঢাকা
- সম্পাদক, বাংলাদেশ স্কাউট, রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা
- অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
- অফিস কপি

(মোহাম্মদ হোসেন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ০২-৯২৯১০৩৮ (অফিস)